# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২১/ ৮৪৪(১২৫০)    তারিখঃ ০৫/১০/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন স্কীম প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১০ তারিখঃ ২৮/০৯/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০২ তারিখঃ ২৬/০৪/২০২০ এর নির্দেশনানুযায়ী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর আওতায় বিতরনকৃত ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৫০% অর্থ পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। পাশাপাশি, উক্ত সার্কুলারের ০২(৯) (ক ও খ) এবং ০২(১৩) (ঘ) নং অনুচ্ছেদসমূহের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃঅর্থায়নের আবেদন ও এতদ্‌সংক্রান্ত তথ্য প্রেরণ সংক্রান্ত নির্দেশনাও প্রদান করা হয়।

০৩। এক্ষনে, আলোচ্য স্কীমের আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদেয় পুনঃঅর্থায়ন সুবিধা অধিকতর গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়েছেঃ

ক) এসএমইএসপিডি সার্কুলার নং-০২ তারিখঃ ২৬/০৪/২০২০ এর অনুচ্ছেদ নং-০২, ০২(৬) এবং ০২(৯)(ক) এ বর্ণিত "বিতরণকৃত ঋণ /বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৫০%" শব্দাবলীর পরিবর্তে "মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ সীমার সর্বোচ্চ ৫০%" শব্দাবলী প্রতিস্থাপিত হবে; এবং

খ) উক্ত একই সার্কুলারের অনুচ্ছেদ নং-০২(৯) (ক ও খ) এবং ০২(১৩)(ঘ) এ বর্ণিত সংযোজনী যথাক্রমে ক, খ ও গ সংশোধিত সংযোজনী ক ও খ দ্বারা প্রতিস্থাপিত হবে।

০৪। এতদ্ব্যতীত সার্কুলারে বর্নিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এমতাবস্থায়, উল্লেখিত সার্কুলার লেটার মোতাবেক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর আওতায় বিতরনকৃত ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৫০% এর পরিবর্তে মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ সীমার ৫০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। বিষয়টি সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে অবহিত করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৫/১০/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২১/ ৮৪৪(১২৫০)    তারিখঃ ০৫/১০/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৫/১০/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১০

তারিখঃ আশ্বিন ১৩, ১৪২৭
সেপ্টেম্বর ২৮, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে**
**চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন স্কীম প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ২৬, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোল্লিখিত সার্কুলারের নির্দেশনানুযায়ী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ তারিখঃ এপ্রিল ১৩, ২০২০ এর আওতায় তাদের বিতরণকৃত ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৫০% অর্থ পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। পাশাপাশি, উক্ত সার্কুলারের ০২(৯)(ক ও খ) এবং ০২(১৩)(ঘ) নং অনুচ্ছেদসমূহের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃঅর্থায়নের আবেদন ও এতদ্সংক্রান্ত তথ্য প্রেরণ সংক্রান্ত নির্দেশনাও প্রদান করা হয়।

০৩। এক্ষণে, আলোচ্য স্কীমের আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদেয় পুনঃঅর্থায়ন সুবিধা অধিকতর গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ
ক) সূত্রোল্লিখিত সার্কুলার এর অনুচ্ছেদ নং-০২, ০২(৬) এবং ০২(৯)(ক) এ বর্ণিত "বিতরণকৃত ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৫০%" শব্দাবলীর পরিবর্তে "মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ সীমার সর্বোচ্চ ৫০%" শব্দাবলী প্রতিস্থাপিত হবে; এবং
খ) উক্ত একই সার্কুলারের অনুচ্ছেদ নং-০২(৯)(ক ও খ) এবং ০২(১৩)(ঘ) এ বর্ণিত সংযোজনী যথাক্রমে ক, খ ও গ সংশোধিত সংযোজনী- ক ও খ দ্বারা প্রতিস্থাপিত হবে ।

০৪। এতদ্ব্যতীত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২